পশ্চিমবঙ্গ সরকার

# উপভোক্তা বিষয়ক ও ন্যায্য বাণিজ্য অনুশীলন অধিকার

ওয়েবসাইট: www.wbconsumers.gov.in

রাজ্য টোল-ফ্রি হেল্পলাইন নম্বর: ১৮০০ ৩৪৫ ২৮০৮

জাতীয় টোল-ফ্রি হেল্পলাইন নম্বর: ১৯১৫



নিজে ঠকবো না, অন্যকেও ঠকতে দেব না

কেনাকাটার সময় কী কী বিষয়ে সতর্ক থাকবেন-

যদি ঠকে যান, কোথায়, কীভাবে সুরাহা পাবেন-



- যে কোনও কেনাকাটায় **রসিদ/বিল/ক্যাশমেমো** চেয়ে নিন এবং যত্নে রাখুন।
- উপভোক্তা সুরক্ষা আইন, ২০১৯ অনুযায়ী **দেশের যেখান থেকেই জিনিস কিনুন বা পরিষেবা গ্রহণ করুন,** ক্ষতিগ্রস্ত উপভোক্তা তার **জেলা / এলাকায় দপ্তরের সংশ্লিষ্ট অফিসে** অভিযোগ জানাতে পারেন, অথবা উপভোক্তা কমিশনে ( জেলা বা রাজ্য স্তরে) মামলা দায়ের করতে পারেন।
- **আপস মীমাংসার মাধ্যমে** উপভোক্তা বিরোধের নিষ্পত্তি না হলে উপভোক্তা **সহায়তা কেন্দ্রের** (Consumer Assistance Bureau) সাহায্যে কনজিউমার কমিশনে **সম্পূর্ণ নিখরচায়** মামলা দায়ের করা থেকে অভিযোগের নিষ্পত্তি পর্যন্ত পরিষেবা প্রদান করা হয়।
- কনজিউমার কমিশনগুলির আর্থিক এক্তিয়ার :

| **পণ্য বা পরিষেবার মূল্য হিসেবে প্রদত্ত টাকার পরিমাণ** | **কোথায় মামলা দায়ের করবেন** |
|---|---|
| ৫০ লক্ষ টাকা পর্যন্ত | জেলায় DCDRC |
| ৫০ লক্ষ টাকার বেশি এবং ২ কোটি টাকা পর্যন্ত | রাজ্যে SCDRC |
| ২ কোটি টাকার বেশি হলে | কেন্দ্রে NCDRC |

- **অনলাইনে কেনাকাটা,** ই-কমার্স ও ডাইরেক্ট সেলিং-এর ক্ষেত্রেও প্রতারিত হলে অভিযোগ জানাতে পারেন।
- মোড়কজাত পণ্য কেনার সময়ে বিশেষ করে MRP, Expiry Date দেখে নেবেন।
- এল পি জি সিলিন্ডার, বৈদ্যুতিক সরঞ্জাম, সিমেন্ট, হেলমেট ইত্যাদি পণ্যে ISI ছাপ, **সোনার গহনায়** Hallmark চিহ্ন এবং মোড়কজাত **খাদ্যসামগ্রী** কেনার সময় *fssai* চিহ্ন দেখে কিনুন।
- শপিং মল বা কোনও বড় দোকান থেকে **ক্যারিব্যাগ** দিলে এবং তাতে ওই দোকানের নাম / ব্রান্ড/ লোগো / বিজ্ঞাপন থাকলে ওই ক্যারিব্যাগের জন্য কোনও দাম দিতে হবে না।
- হোটেল বা রেস্তোরাঁয় **সার্ভিস চার্জ** দেওয়া বাধ্যতামূলক নয়।
- সাধারণ **বিমা** করার আগে তার সমস্ত শর্তাবলী বুঝে নিন। দেখে নিন বিমা সংস্থাটি আইআরডিএ দ্বারা রেজিস্ট্রিকৃত কি না। স্বাস্থ্য-বিমা করার আগে জেনে নিন কোন কোন রোগ কী কী শর্তে এই বিমার অন্তর্গত।
- **ফ্ল্যাট কেনা** সংক্রান্ত কোনও অভিযোগ থাকলে WBRERA-র কাছে অভিযোগ জানাতে পারেন।
- **সাইবার অপরাধের** শিকার হলে **টোল ফ্রি নম্বর ১৯৩০**-এ ফোন করে অভিযোগ জানান।

**উপভোক্তা হিসেবে আপনার অধিকার প্রয়োগ করুন। আর কেনাকাটায় ঠকে গেলেই প্রতিকার দাবী করুন।**

**মনে রাখবেন, সচেতন উপভোক্তাই সুরক্ষিত উপভোক্তা।**

# পশ্চিমবঙ্গ জনপরিষেবা অধিকার আইন, ২০১৩

## 'সময়ের সাথী' আপনার সাথে, পরিষেবা পান সহজে, সাথে সাথে

- নাগরিকেরা যাতে সরকারি দপ্তর বা সরকারের অধীনস্থ সংস্থা থেকে স্বচ্ছতা, দায়বদ্ধতা এবং নিয়মানুবর্তিতার মাধ্যমে নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরিষেবা পান সেটা নিশ্চিত করাই এই আইনের উদ্দেশ্য।
- এই আইনবলে সমস্ত যোগ্য নাগরিকেরা প্রজ্ঞাপিত পরিষেবাগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে পাবেন।
- পশ্চিমবঙ্গ সরকারের ২৭টি দপ্তর এই আইনের আওতায় বর্তমানে তিনশোর অধিক গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করা হয়। এদের মধ্যে অন্যতম পরিষেবাগুলি হল :
    - তপশিলি জাতি/উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের জাতিগত শংসাপত্র।
    - রেশন কার্ড সংক্রান্ত পরিষেবা।
    - মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের অ্যাডমিট কার্ড, মার্ক শিট, শংসাপত্রের নকল।
    - প্রতিবন্ধী শংসাপত্র, জন্ম/মৃত্যুর শংসাপত্র।
    - যানবাহন নিবন্ধীকরণ, ড্রাইভিং লাইসেন্স প্রদান।
    - জমি সংক্রান্ত সমস্ত তথ্য এবং শংসিত নকল প্রদানের আদেশ।
    - নগর উন্নয়ন ও পৌর বিষয়ক দপ্তর কর্তৃক বিভিন্ন পরিষেবা প্রদান।
    - কৃষি এবং কৃষি বিপনন কর্তৃক বিভিন্ন পরিষেবা প্রদান।
- পরিষেবা পাওয়ার জন্য আবেদনপত্রের সঙ্গে কী কী প্রয়োজনীয় নথি জমা দিতে হবে, পরিষেবা পাওয়ার নির্দিষ্ট সময়সীমা এবং দায়িত্বপ্রাপ্ত আধিকারিক কে তা জনগণের সুবিধার্থে কার্যালয়ের নোটিস বোর্ডে জানানো থাকবে।
- পরিষেবা পাওয়ার আবেদনপত্র দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের কাছে জমা দেওয়ার পর আবেদনকারী ফর্ম-১ একটি প্রাপ্তিস্বীকারপত্র পাবেন। ওই প্রাপ্তিস্বীকারপত্রে পরিষেবা প্রদানের তারিখ লেখা থাকবে।
- আবেদনকারী ফর্ম-১এ উল্লেখিত নম্বর ও তারিখ উল্লেখ করে সংশ্লিষ্ট দপ্তরের ওয়েবসাইটে তাঁর আবেদনপত্রের অবস্থা জানতে পারবেন।
- পরিষেবা প্রদানের নির্দিষ্ট সময়সীমার মধ্যে ছুটির দিন থাকলে তা গণ্য হবে না।
- আবেদন পাওয়ার পর দায়িত্বপ্রাপ্ত আধিকারিক নির্দিষ্ট সময়ের মধ্যে পরিষেবাটি প্রদান করবেন, অথবা আবেদনটি বাতিল করার কারণ জানিয়ে আবেদনপত্রটি বাতিল করবেন।
- আবেদনপত্র বাতিল হলে অথবা সময়সীমা অতিক্রম করার ৩০ দিনের মধ্যে আবেদনকারী নিখরচায় ফর্ম-২ তে আপিল করতে পারেন।
- আবেদনকারী যদি আপিল আধিকারিকের আদেশে সন্তুষ্ট না হন তবে ওই আদেশ হাতে পাওয়ার ৬০ দিনের মধ্যে পুনর্বিবেচনার জন্য ফর্ম–৩ তে পুনর্বিবেচনা আধিকারিকের কাছে নিখরচায় আবেদন করতে পারেন।